# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ফল প্রকাশ

**অনলাইন ডেস্ক**


প্রকাশ: ১৩ জুলাই, ২০২৬ ০৮:৩৯

রাজধানীর সরকারি ৭ কলেজ নিয়ে গঠিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

রবিবার (১২ জুলাই) রাত ৯টার পর বিশ্ববিদ্যালয়টির ওয়েবসাইটে (https://dcuadmission.com) এই ফলাফল প্রকাশিত হয়।

ফলপ্রত্যাশীরা ওয়েবসাইটে লগ ইন করে তাদের ফল দেখতে পারবেন। এজন্য তাদের সিরিয়াল ও পাসওয়ার্ড দিতে হবে।

**আরো পড়ুন**



রাজধানীর যে এলাকায় আজ মার্কেট-শপিংমল বন্ধ

এর আগে শনিবার (১১ জুলাই) বিকেলে এই ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বছর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে মোট আসন রয়েছে ৪ হাজার ৪৯৮টি।

এই আসনের বিপরীতে আবেদন করেছেন ২৩ হাজার ৩৬৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। এই ইউনিটে প্রতিটি আসনের জন্য গড়ে লড়েছেন পাঁচজন শিক্ষার্থী।


**আরো পড়ুন**



ভেনেজুয়েলায় ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৪৯০


অন্যদিকে, ব্যবসা শিক্ষা ও বিজ্ঞান ইউনিটের পরীক্ষা আগামী ১৭ জুলাই অনুষ্ঠিত হবে। এ দিন সকাল ১১-১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বিজ্ঞান ইউনিটের আর বিকেল ৩-৪টা পর্যন্ত ব্যবসায় শিক্ষার পরীক্ষা হবে।